

২০২৩

চতুর্থ সেমিস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-8

(প্রাগাধুনিক সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) মাথুর বলতে কী বোঝায়? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার নাম কী? পাঠ্যপদের বিশ্লেষণসূত্রে তাঁর শ্রেষ্ঠত্বের কারণ নির্দেশ করো। ২+১+৭

অথবা,

- (খ) “ঘরের বাহিরে দণ্ডে শতবার

তিলে তিলে আইসে যায়।”

— এটি কোন পর্যায়ের পদ? রচয়িতা কে? এই পর্যায়ের বৈশিষ্ট্য কীভাবে পদটির মধ্যে প্রকাশিত হয়েছে তা উক্ত পদ অবলম্বনে বোঝাও। ১+১+৮

- ২। (ক) “কবি মুকুন্দের প্রতিভায় শ্রেষ্ঠ উপন্যাস রচয়িতার রসদৃষ্টি ছিল।”— মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের পাঠ্য অংশ অবলম্বনে মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো। ১০

অথবা,

- (খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে কালকেতু একটি উজ্জ্বল মানব চরিত্র।— আলোচনা করো। ১০

- ৩। (ক) ‘ভক্তের আকৃতি’ পর্যায়ের কবি হিসাবে রামপ্রসাদ সেনের কৃতিত্ব পাঠ্যপদ অনুসরণে বিশ্লেষণ করো। ১০

অথবা,

- (খ) “শাস্ত্র কবিরা ছিলেন মাতৃহৃদয়ের সুনিপুণ শিল্পী।”— তোমাদের পাঠ্য ‘আগমনী ও বিজয়া’ পর্যায়ের যে-কোনো দুটি পদ অবলম্বনে উক্তিটির যথার্থতা বিচার করো। ১০

- ৪। (ক) “অভিনব হেম কল্পতরু সঞ্চর

সুরধুনী-তীরে উজোর ॥”

— পদকর্তা কে? পদটি কোন পর্যায়ের অন্তর্গত? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

Please Turn Over

অথবা,

- (খ) “তাতল সৈকত বারিবিন্দুসম
সুতমিত রমণী সমাজে”

—কোন পর্যায়ের পদ? ‘তাতল সৈকত’ ও ‘সুত-মিত-রমণী’ শব্দ দুটির অর্থ কী? পদ্যাংশটির ভাববস্তু ব্যক্ত করো। ১+১+৩

- ৫। (ক) “সোনা রূপা নহে বাপা এ বেঙ্গা পিতল।/ঘঘিয়া মাজিয়া বাপু কর্যাছ উজ্জ্বল।।”— কে, কাকে এ কথা বলেছে? এই বক্তব্যের পিছনে বক্তার প্রকৃত উদ্দেশ্য কী ছিল? ১+১+৩

অথবা,

- (খ) “সরকার হইলা কাল খিলভূমি লিখে লাল
বিনা উপকারে খায় ধুতি।”

—কোন প্রসঙ্গে এরূপ বলা হয়েছে? ‘খিলভূমি’ আর ‘ধুতি’ বলতে কী বোঝানো হয়েছে? উদ্ধৃতিটির ব্যাখ্যা করো।

২+১+২

- ৬। (ক) “খলের প্রধান যত, কে আছে তোমার মত—
আপনি হইয়ে হত, বধ রে পরেরি প্রাণ।।”

কে, কাকে ‘খলের প্রধান’ বলে অভিহিত করেছে? ‘খলের প্রধান’ কীভাবে নিজে ‘হত’ হয়? কী উপায়েই বা সে পরের প্রাণ বধ করে?

১+২+২

অথবা,

- (খ) “মা, নিম খাওয়ালে চিনি বলে, কথায় করে ছলো।/ও মা, মিঠার লোভে, তিত মুখে সারাদিনটা গেল।।”—পদকর্তার ও পর্যায়ের নাম উল্লেখ করে উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ২+৩

- ৭। যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

৫×১

- (ক) গৌরচন্দ্রিকা ও গৌরাস্ত বিষয়ক পদের তফাত
(খ) ফুল্লরার বারমাস্যা
(গ) ‘আগমনী ও বিজয়া’ পর্যায়ান্তর্গত নবমী নিশির গুরুত্ব।

- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) বৈষ্ণব পদাবলীর কোন করিকে ‘চণ্ডীদাসের ভাবশিষ্য’ বলা হয়?
(খ) “মঞ্জীর চীরহি বাঁপি”— ‘চীরহি’ শব্দটির অর্থ কী?
(গ) “লাখ লাখ যুগ হিয়ে হিয়ে রাখলু”— কোন পর্যায়ের পদ?
(ঘ) “আহীরী রমণী থাসে দাঁড়াইয়া চারিপাশে”— ‘আহীরী রমণী’ বলতে কাদের বোঝানো হয়েছে?
(ঙ) “মন্দির বাহির কঠিন কপাট।”— উদ্ধৃতিটির পদকর্তা কে?

- (চ) “দুখিনীর দিন দুখেতে গেল।” — পঙ্ক্তিটি কোন পর্যায়ের পদের অন্তর্গত?
- (ছ) “একটি অঙ্গুরী নিলে হবে কোন্ কাম।” — উক্তিটি কার?
- (জ) “হরিদত্তের বেটা হই জয়দত্তের নাতি।/হাটে লয়া বেচাইব বীরের ঘোড়া হাতী॥” — এখানে ‘হরিদত্তের বেটা’ ও ‘জয়দত্তের নাতি’ কে?
- (ঝ) “শিশু কাঁদে ওদনের তরে” — এখানে ‘ওদন’ শব্দটির অর্থ কী?
- (ঞ) “জানু ভানু ক্শানু শীতের পরিত্রাণ” — এখানে ‘ক্শানু’ শব্দের অর্থ কী?
- (ট) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের ‘আখ্যেটিক’ খণ্ডে ‘আখ্যেটিক’ বলতে কী বোঝানো হয়েছে?
- (ঠ) “কামিনী করিল বিধি, তেঁই হে তোমারে সাধি” — উক্তিটি কোন পর্যায়ের পদ?
- (ড) “আমি কি দুখেরে ডরাই”? — শীর্ষক পদটির পদকর্তা কে?
- (ঢ) “তুমি কি দোষে করিলে আমায়, ছ’টা কলুর অনুগত॥” — এখানে ছ’টা কলু বলতে কী বোঝানো হয়েছে?
- (ণ) “ওহে হর গঙ্গাধর, কর অঙ্গীকার, যাই আমি জনক-ভবনে।” — শীর্ষক পদটির পদকর্তা কে?